

# Muktii

## Free A Poverty Slave

উত্তর পর্ব:

মুক্তি প্রকল্প শুরু করার জন্য আমার কি পরিমাণ অর্থের দরকার?

আপনি যত অল্প পরিমাণ ইচ্ছে ততটুকুই আপনার প্রকল্পের কাজে নিয়োগ করতে পারেন। যেমন ধরুন আপনি যদি ১০০ পাউন্ড আপনার প্রকল্পে নিয়োগ করেন সেটা টাকায় বদল করলে দাঁড়াবে ১২,০০০ টাকা। দুটি ছাগল কিনতে লাগে ৩০০০ টাকা। তাহলে আপনার নিয়োগকৃত অর্থ দিয়ে আপনার প্রকল্পে চারজন দরীদ্রকে সাহায্য করা সম্ভব। পরের বছর যখন আপনার ঋণ দেয় টাকা পরিশোধ হয়ে যাবে, সেটা আপনি আরও চারজন দরীদ্রের সাহায্যার্থে ব্যয় করতে পারে। সেক্ষেত্রে আপনার প্রকল্পে ৮ জন দরীদ্র সাহায্য পেল। এভাবে ক্ষুদ্র প্রকল্পের মাধ্যমেও সাহায্য প্রাপ্তদের সংখ্যা অতি দ্রুত বাড়তে থাকে। আপনার যখন প্রকল্পের সফলতা এবং নিয়োগকৃত পরিচালকের ওপর আস্থা আসবে, তখন যদি আপনি প্রতি বছর একটু করে অর্থ নিয়োগের পরিমাণ বাড়ান, আপনার প্রকল্পের সফলতা আরও দ্রুত বৃদ্ধি করা সম্ভব।

মুক্তি প্রকল্পে আমার কি পরিমাণ সময় ব্যয় হবে?

মুক্তির কাজে খুব কম সময় ব্যয় হয়। আমি এই ওয়েব সাইটে মুক্তি প্রকল্প সম্বন্ধে যে তথ্য দিয়েছি, সেটা অনুসরণ করলেই যথেষ্ট। যেমন ধরুন আমি আমার মুক্তি প্রকল্পের কাজে প্রতি বছর ৫-৬ ঘন্টা ব্যয় করেছি। এই সময় মূলত ব্যয় হয়েছে গ্রহিতাদের সাথে একবার এবং পরিচালকের সাথে পর্যায়ক্রমে যোগাযোগের জন্যে।

যদি এলাকার সাথে আমার তেমন যোগাযোগ না থাকে তাহলে আমি কি করে জানব যে সঠিক ব্যক্তিকেই ঋণ দেয়া হয়েছে?

আপনার প্রদেয় অর্থ যে সঠিক ব্যক্তিকেই ঋণ দেয়ার কাজে ব্যবহার করা হচ্ছে নিশ্চিত করতে আপনার দরকার একজন পরিচালক। এই পরিচালক যদি সত, বিশ্বাসী, এবং যোগ্য হন, তাহলে তিনি সহজেই সঠিক ঋণ গ্রহিতাদের তালিকা তৈরী করতে সক্ষম হবেন। পরিচালকের তালিকা থেকে চূড়ান্ত বাছাইয়ের কাজটি উদ্যোক্তাই করে থাকেন। কিভাবে উদ্যোক্তা আর পরিচালকের ভূমিকা সম্বন্ধে বিস্তারিত জানতে হলে পড়ুন/ক্লিক করুন প্রকল্প উদ্যোক্তার জন্য নির্দেশাবলী।

আপনি কি মুক্তি প্রকল্প থেকে কোন লাভ করে থাকেন?

আমি এ প্রকল্প থেকে কোন লাভ করি না। মুক্তি একটি সুদহীন ঋন প্রকল্প। এই প্রকল্পে প্রতিবছর ঋন পরিশোধের টাকা আবারও ঋনদানে ব্যয় করা হয়।

ঋন গ্রহিতাদের কি মনে হয় যে তারা দান গ্রহন করছেন?

না। মুক্তি প্রকল্প কোন দান সংস্থা নয় বরং এই প্রকল্পে ঋন গ্রহিতাদেরকে সুদহীন ঋন প্রদান করা হয়। ঋনের অর্থ দরীদ্রদেরকে পরিশোধ করতে হয়, কিন্তু সুদহীন ঋনের কারণে তাদের যেমন সাহায্য হয়, তেমনি তারা সম্মানজনকভাবে নিজের পায়ে দাড়াতে সমর্থ হন।

ঋন গ্রহিতা হিসেবে কি ধরনের ব্যক্তিদেরকে নির্বাচন করা হয়?

ঋন গ্রহিতারা আপনার নির্ধারিত এলাকার সেসব দরীদ্র ব্যক্তির যাদের নিজের জীবনের উন্নতি ঘটাবার ইচ্ছে আছে। আমি যাদেরকে ঋন দিয়েছি তারা গৃহপালিত প্রাণী (যেমন গরু, ছাগল, ইত্যাদি), রিকশা, ক্ষুদ্র ব্যবসা, এবং এই ধরনের নানাবিধ কাজে ঋনের টাকা ব্যবহার করেছেন। ঋন গ্রহিতারা একক বা সমবেতভাবে ঋন নিতে পারেন।

ঋন পরিশোধের টাকা কেন পরিচালককে ব্যবহার করতে দেয়া হয়?

মুক্তি প্রকল্পে প্রশাসনিক খাতে কোন ব্যয় করা হয় না কিন্তু পরিচালককে সুযোগ দেয়া হয় ঋন পরিশোধের টাকাটি তার নিজের ব্যবসায় খাটাবার। এতে করে তার ব্যবসায়ও যেমন কিছু লাভ হয়, তেমনি মূল ঋন দেয় টাকাটির পরিমাণ কমে না। নির্দিষ্ট সময়ের পরে উদ্যোক্তার নির্দেশানুযায়ী পরিচালক এই টাকাটি আবার অন্য কাউকে ঋন দিতে পারেন।

পরিশোধের সময় এবং নিয়মাবলী কিভাবে নির্ধারণ করা হয়?

ঋন পরিশোধের সময় এবং নিয়মাবলী প্রতিটি ঋন গ্রহিতার জন্য ভিন্ন। এটি নির্ভর করে ঋন গ্রহিতাদের জীবনযাত্রার অবস্থা এবং সামর্থের ওপর। এ ব্যাপারে বিস্তারিত জানতে হলে পড়ুন/ক্লিক করুন প্রকল্প উদ্যোক্তার জন্য নির্দেশাবলী।

মুক্তি প্রকল্পের ঋনের মূল অর্থের মান কি হ্রাস পায়?

মুক্তি প্রকল্পে কোন প্রশাসনিক ব্যয় নেই সেজন্যে একমাত্র মুদ্রাস্ফীতির কারণে ঋণের মূল অর্থের মান হ্রাস পেতে পারে। মুদ্রাস্ফীতির কারণে হ্রাসকৃত মান রোধ করতে উদ্যোক্তা তার মূল ঋণের অর্থের সাথে প্রতি বছর কিছু টাকা যোগ করতে পারেন।

ঋণের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কি আমি হ্রাসবৃদ্ধি করতে পারি?

মুক্তি এমন একটি প্রকল্প যেখানে প্রদেয় অর্থের পরিমাণ কখনই ফুরিয়ে যায় না (ঋণ গ্রহিতারা তাদের ঋণকৃত অর্থের পুরোটাই ফেরত দেন)। ঋণ পরিশোধের সময়সীমা শেষ হতেই ঋণ প্রদেয় অর্থ ফিরে আসে, তাই উদ্যোক্তা চাইলেই যেকোন সময়ে এই অর্থ ফেরত নিতে পারেন অথবা আবারও নিয়োগ করতে পারেন ঋণের মূল অর্থের সাথে। এর সহজ নিয়মের ফলে ঋণের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ আপনি সহজেই হ্রাসবৃদ্ধি করতে পারেন।